# মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকা, ২০১৭

মন্ত্রিপরিষদ বিভাগ

গবেষণা শাখা

(অক্টোবর, ২০১৯ পর্যন্ত সংশোধিত)

মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণায় আগ্রহী কর্মকর্তাগণ কর্তৃক দেশের সার্বিক উন্নয়ন-সংশ্লিষ্ট সমসাময়িক ও জনগুরুত্বপূর্ণ বিষয়ের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা এবং গবেষণালব্ধ জ্ঞান নীতিনির্ধারণী ক্ষেত্রে নীতি-উপাত্ত (Policy Input) হিসাবে সরবরাহের নিমিত্ত এই নির্দেশিকা প্রণয়ন করা হইল।

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

(ক) এই নির্দেশিকা মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা নির্দেশিকা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(খ) এই নির্দেশিকা কেবল মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য হইবে।

(গ) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**২। সংজ্ঞা:**

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নির্দেশিকায়-

(ক) "গবেষক" বলিতে গবেষণার উদ্দেশ্যে মনোনীত মন্ত্রিপরিষদ বিভাগের নবম বা তদুর্ধ গ্রেডের যে কোন কর্মকর্তাকে বুঝাইবে।

(খ) "কমিটি" অর্থ গবেষণা ব্যবস্থাপনা কমিটি।

(গ) "গবেষণার সময় বা মেয়াদ" বলিতে অর্থ-বৎসর (০১ জুলাই-৩০ জুন) বুঝাইবে।

(ঘ) "কর্তৃপক্ষ" বলিতে মন্ত্রিপরিষদ সচিব অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অথবা মনোনীত কর্মকর্তা।

**৩। গবেষণার উদ্দেশ্য:**

গবেষণার উদ্দেশ্যসমূহ নিম্নরূপ-

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নবম বা তদুর্ধ কর্মকর্তাগণের বিষয়ভিত্তিক জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধি করা; এবং

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সঠিক ও সময়োপযোগী তথ্য-উপাত্ত (input) সরবরাহ করা।

**৪। গবেষণার পরিধি:**

(ক) দেশের সার্বিক উন্নয়ন-সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যু অথবা সমস্যা;

(খ) মন্ত্রিপরিষদ বিভাগের কাজের সহিত সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়;

(গ) কর্তৃপক্ষের কোনো নির্দেশনা থাকিলে অনুরূপ বিষয় অথবা বিষয়সমূহ;

(ঘ) সাম্প্রতিককালে দেশীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে আলোচিত বিষয় অথবা বিষয়সমূহ;

(ঙ) দেশীয় অথবা আন্তর্জাতিক সংস্থার অনুরোধে অথবা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যে কোনো বিষয়; এবং

(চ) সুশাসন ও নাগরিক সেবা সংক্রান্ত বিষয়সমূহ।

চলমান

**৫। গবেষণা দল:**

এককভাবে কোনো গবেষণা কার্যক্রম পরিচালিত হইবে না; ন্যূনতম দুইজন এবং সর্বোচ্চ পাঁচজনের দল গবেষণা কার্য পরিচালনা করিবে।

**৬। গবেষণা ব্যবস্থাপনা কমিটি:**

(১) গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে ব্যবস্থাপনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| | |
|---|---|
| (ক) অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - আহ্বায়ক |
| (খ) অতিরিক্ত সচিব (মন্ত্রিসভা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (গ) অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (ঘ) যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (ঙ) যুগ্মসচিব/উপসচিব (পরিকল্পনা ও বাজেট অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (চ) যুগ্মসচিব/উপসচিব (প্রকল্প ও গবেষণা অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (ছ) যুগ্মসচিব/উপসচিব (কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ন অধিশাখা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য |
| (জ) সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (গবেষণা শাখা), মন্ত্রিপরিষদ বিভাগ | - সদস্য-সচিব |

(২) কমিটির কার্যপরিধি:

(ক) গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও বাছাই করা;

(খ) গবেষণা প্রস্তাবের বিষয়ে অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট মতামত অথবা সুপারিশ প্রদান করা;

(গ) গবেষণা প্রকল্পসমূহের বাস্তবায়ন তদারকি ও সমন্বয় সাধন করা;

(ঘ) গবেষণা কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও অর্থ ছাড়ের সুপারিশ করা; এবং

(ঙ) গবেষণা প্রতিবেদনের উপর মতামত প্রদান করা।

(৩) কমিটির সদস্যগণের সম্মানি কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্ধারণ করা যাইবে। ইহা মন্ত্রিপরিষদ বিভাগের বাজেটের গবেষণা খাত হইতে মিটানো হইবে।

(৪) মন্ত্রিপরিষদ সচিবের অনুমোদনক্রমে কমিটি প্রয়োজনবোধে বিষয়-সংশ্লিষ্ট মন্ত্রিপরিষদ বিভাগের যে কোনো কর্মকর্তা অথবা মন্ত্রিপরিষদ বিভাগ-বহির্ভূত যে কোনো উপযুক্ত ব্যক্তিকে তাঁহার সম্মতি সাপেক্ষে বিশেষজ্ঞ সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

**৭। গবেষণা প্রস্তাব অনুমোদন:**

(১) গবেষণা ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রস্তাব মন্ত্রিপরিষদ সচিব চূড়ান্ত অনুমোদন করিবেন।

(২) গবেষণা প্রতিবেদন মুদ্রিত আকারে প্রকাশের বিষয়ে মন্ত্রিপরিষদ সচিব প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করিবেন।

(৩) কোনো অর্থ-বৎসরে উপযুক্ত কোনো গবেষণা প্রস্তাব পাওয়া না গেলে কর্তৃপক্ষ সমসাময়িক ও জনগুরুত্বপূর্ণ কোনো বিষয়ের উপর গবেষণা প্রস্তাব দাখিল ও পরিচালনার জন্য যে কোনো Thematic Group বা উপযুক্ত কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করিতে পারিবে।

চলমান

৮। **গবেষণার ধরন** :

(১) আর্থিক সংশ্লেষ বিবেচনায় দুই ধরনের গবেষণা প্রকল্প থাকিবে:

(ক) ক শ্রেণি : ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার উর্ধ্বের প্রাক্কলিত বাজেট সম্বলিত; এবং

(খ) খ শ্রেণি : ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পর্যন্ত প্রাক্কলিত বাজেট সম্বলিত।

(২) কর্তৃপক্ষ সময়ে সময়ে গবেষণা প্রকল্পের আর্থিক পরিধি নির্ধারণ করিতে পারিবে।

৯। **গবেষণা প্রস্তাবে যে সকল বিষয় অথবা অধ্যায় অন্তর্ভুক্ত থাকিবে:**

একটি গবেষণা প্রস্তাবে সাধারণভাবে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে:

(ক) গবেষণার শিরোনাম (প্রস্তাবিত গবেষণার সহিত তাৎপর্যপূর্ণ এবং উদ্দেশ্যের সহিত অর্থবোধক);

(খ) ভূমিকা;

(গ) সমস্যা চিহ্নিতকরণ (Problem Identification/ Problem Statement);

(ঘ) গবেষণার প্রশ্ন (Research Question);

(ঙ) গবেষণার যৌক্তিকতা;

(চ) গবেষণার উদ্দেশ্য;

(ছ) প্রত্যাশিত ফলাফল (Expected Results);

(জ) গবেষণার উপকারভোগী;

(ঝ) গবেষণার পরিধি;

(ঞ) গবেষণা পদ্ধতি;

(ট) বিশ্লেষণ অথবা তথ্য-উপাত্ত উপস্থাপন পরিকল্পনা;

(ঠ) গবেষক দলের নাম ও পরিচিতি;

(ড) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা; এবং

(ঢ) প্রস্তাবিত বাজেট।

১০। **গবেষণা প্রকল্প নির্বাচন, অনুমোদন ও বাস্তবায়নের সময়সূচি:**

(১) গবেষণা প্রস্তাব নির্বাচন ও অনুমোদনের জন্য নিম্নরূপ সময়সূচি অনুসরণ করা হইবে:

(ক) গবেষণা প্রস্তাব গ্রহণ: প্রতি বৎসর আগস্ট মাসের মধ্যে;

(খ) গবেষণা প্রস্তাব বাছাই ও সুপারিশ চূড়ান্তকরণ: ২০ সেপ্টেম্বরের মধ্যে;

(গ) গবেষণা প্রস্তাব অনুমোদন: সেপ্টেম্বর মাসের মধ্যে;

(ঘ) গবেষণা দল কর্তৃক গবেষণা পরিচালনা: ১৫ এপ্রিল পর্যন্ত;

(ঙ) খসড়া ফলাফলসহ সেমিনার আয়োজন: এপ্রিল মাসের মধ্যে;

(চ) চূড়ান্ত প্রতিবেদন দাখিল: ১৫ মে'র মধ্যে; এবং

(ছ) হিসাবরক্ষণ শাখায় হিসাব দাখিল: মে মাসের মধ্যে।

(২) উপর্যুক্ত সময়সীমা কর্তৃপক্ষ প্রয়োজনে হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে।

চলমান

১১। আর্থিক ব্যবস্থাপনা:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের রাজস্ব বাজেটের গবেষণা খাতে বরাদ্দকৃত অর্থ হইতে এই গবেষণা কার্য পরিচালিত হইবে;

(খ) গবেষণা দলসহ অন্যান্য সদস্যের সম্মানি বরাদ্দকৃত অর্থের ৫০ শতাংশের বেশি হইবে না; সরাসরি সম্মানি দেওয়া যাইবে, অথবা সিটিং এলাউন্সের মাধ্যমে হাজিরা অনুসারে দিনভিত্তিতে সম্মানি দেওয়া যাইবে;

(গ) হিসাব নিরীক্ষাকালে কোনো আপত্তি উত্থাপিত হইলে উক্ত আপত্তি নিষ্পত্তির দায় সম্মিলিতভাবে গবেষণা দলের উপর বর্তাইবে;

(ঘ) গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ গবেষণা দল দুই কিস্তিতে উত্তোলন করিতে পারিবে;

(ঙ) প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করিয়া গবেষণা-সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ করিতে হইবে;

(চ) মোট বরাদ্দের সর্বোচ্চ ৫% বই-জার্নাল বা অন্যান্য ডকুমেন্ট ক্রয়ে ব্যয় করা যাইবে এবং গবেষণা শেষে ক্রয়কৃত বই-জার্নালসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের লাইব্রেরিতে জমা করিতে হইবে;

(ছ) গবেষণা দলের দলনেতার অনুকূলে অর্থ ছাড় করা হইবে; এবং

(জ) গবেষণা বাস্তবায়নের জন্য গবেষণা দলের সদস্যগণের ভ্রমণকালকে দাপ্তরিক কাজ হিসাবে গণ্য করা হইবে; তবে এ সংক্রান্ত সকল ব্যয় অনুমোদিত গবেষণা বরাদ্দ হইতে নির্বাহ করিতে হইবে।

১২। বিবিধ:

(ক) প্রত্যেক গবেষণা দলের জ্যেষ্ঠ কর্মকর্তা ঐ দলের দলনেতা হইবেন;

(খ) গবেষণা প্রস্তাব চূড়ান্ত অনুমোদন প্রাপ্তির পর কোনো গবেষণা দল অপারগতা প্রকাশ করিলে পরবর্তী দুই অর্থ-বৎসর তাঁহারা কোনো গবেষণা প্রস্তাব দাখিল করিতে পারিবেন না;

(গ) গবেষণা দলের সদস্যগণ নিজে অথবা আউটসোর্সিং-এর মাধ্যমে দিনভিত্তিতে তথ্য সংগ্রাহকের মাধ্যমে তথ্য সংগ্রহ করিতে পারিবেন; এইক্ষেত্রে দিনভিত্তিক সম্মানি প্রদান করা যাইবে;

(ঘ) গবেষণা দল গবেষণা শেষে দশ কপি প্রতিবেদন সংশ্লিষ্ট অধিশাখা অথবা শাখায় জমা দিবে;

(ঙ) গবেষণা দলের কোনো সদস্য পরিবর্তন অথবা সংযোজনের প্রয়োজন হইলে গবেষণা ব্যবস্থাপনা কমিটির পূর্বানুমোদন সাপেক্ষে উক্তরূপ পরিবর্তন অথবা সংযোজন করা যাইবে;

(চ) গবেষণা দল কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে Plagiarism পরিহার্য; কোনো দলের প্রতিবেদনে

চলমান

Plagiarism প্রমাণিত হইলে ঐ দলের সদস্যগণ পরবর্তী সকল সময়ের জন্য গবেষণা কাজে অযোগ্য বিবেচিত হইবেন;

(ছ) প্রদত্ত প্রতিবেদন মৌলিক এবং প্রতিবেদন বা ইহার কোন অংশ অপর কোন প্রতিবেদন বা উৎস হইতে আহরিত নয় মর্মে প্রতিবেদনে দলের সদস্যগণ প্রত্যয়ন প্রদান করিবেন;

(জ) প্রতিবেদনে ব্যবহৃত তথ্য-উপাত্তের Reference স্বীকৃত পদ্ধতিতে প্রদান করিতে হইবে;

(ঝ) গবেষণা চলাকালীন গবেষণা দল প্রতি মাসের অগ্রগতি প্রতিবেদন পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে এই নির্দেশিকার পরিশিষ্টে প্রদত্ত ছকে কমিটির আহ্বায়কের নিকট দাখিল করিবে;

(ঞ) গবেষণা চলাকালে গবেষণা দলের সদস্যগণ প্রতিমাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবেন এবং সভার কার্যবিবরণী ব্যবস্থাপনা কমিটির আহ্বায়কের নিকট প্রেরণ করিবেন;

(ট) গবেষণা কাজে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ethical issues নিশ্চিত করিতে হইবে; জাতি, গোষ্ঠী, সমাজ, ধর্ম, বর্ণ নির্বিশেষে কোনো ব্যক্তিকে হেয় প্রতিপন্ন করে – এই ধরনের কোনো গবেষণা প্রস্তাব গ্রহণ বা প্রশ্নপত্র প্রণয়ন কিংবা কাহাকেও পীড়া দেয় – এমন কোনো মন্তব্য, বিবৃতি, ছবি, প্রতীক – ইত্যাদি প্রতিবেদনে ব্যবহার করা যাইবে না;

(ঠ) সংগৃহীত তথ্য-উপাত্ত যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রদানকারীর গোপনীয়তা নিশ্চিত করিতে হইবে;

(ড) গবেষণা দলের কোনো সদস্যের বিরুদ্ধে অনিয়ম কিংবা অর্পিত দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ উত্থাপিত হইলে কর্তৃপক্ষ সেই বিষয়ে তদন্তক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে; এবং

(ঢ) গবেষণা শাখা অথবা অধিশাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

পরিশিষ্ট

## গবেষণার অগ্রগতি প্রতিবেদন ছক

মাস: ..................................

| গবেষণার বিষয় | গবেষণা দলের সদস্যগণের নাম ও পদবি | বরাদ্দের পরিমাণ | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | | | সম্পাদিত কার্যক্রম | আর্থিক (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |

..............................................
গবেষণা দলের সদস্যবৃন্দের স্বাক্ষর

......................................
দলনেতার স্বাক্ষর